মেহেরপুরে কোচিং সেন্টার ও ফটোকপি দোকান বন্ধের নির্দেশ

এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে আয়োজনের লক্ষ্যে মেহেরপুরে বিশেষ নির্দেশনা জারি করা হয়েছে।

জেলা প্রশাসনের এক গণবিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ২১ এপ্রিল থেকে শুরু হওয়া এসব পরীক্ষার দিনগুলোতে প্রতিদিন পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে থেকে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত সকল পরীক্ষা কেন্দ্রের আশপাশে অবস্থিত ফটোকপির দোকান বন্ধ রাখতে হবে। একই সঙ্গে জেলার সকল কোচিং সেন্টারও এই সময়ের মধ্যে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

গণবিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায় স্বাক্ষরিত এ নির্দেশনা ইতোমধ্যে কার্যকর করা হয়েছে।